



খালেদা জিয়ার শারীরিক অবস্থা বিবেচনায় বিদেশে নিতে দেরি: ডা. জাহিদ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে বিদেশে নিয়ে যাওয়ার প্রস্তুতি আগেই সম্পন্ন রাখা হলেও তার শারীরিক অবস্থার কারণে এখনই ফ্লাই করা সম্ভব নয় বলে জানিয়েছেন তার ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন। তিনি বলেন, “এয়ার অ্যানুল্যুন্স প্রস্তুত আছে, তবে মেডিকেল বোর্ড মনে করছে বর্তমান অবস্থায় উড়োজাহাজে তোলা নিরাপদ নয়।”

ডা. জাহিদের ভাষায়, খালেদা জিয়ার শারীরিক অবস্থাই নির্ধারণ করবে কখন তাকে বিদেশে নেওয়া হবে। সর্বোচ্চ নিরাপত্তা, সুচিকিৎসা এবং মেডিকেল বোর্ডের সিদ্ধান্তকে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। তারেক রহমান দেশ-বিদেশের চিকিৎসকদের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করছেন, চিকিৎসা সমন্বয়ে অংশ নিচ্ছেন জুবাইদা রহমানও। পরিবারের সদস্য ও দলের নেতাদের নিয়মিতভাবে বোর্ডের সিদ্ধান্ত জানানো হচ্ছে।

সামাজিক মাধ্যমে গুজব সম্পর্কে তিনি সতর্ক করে বলেন, “কেউ বিভ্রান্তি ছড়াবেন না। সব প্রস্তুতি রয়েছে। বোর্ড মনে করলে যেকোনো সময় তাকে নিরাপদে বিদেশে পাঠানো হবে।” এ বিষয়ে কাতার সরকার ও অন্তর্বর্তী সরকার সহযোগিতা করছে বলেও জানান তিনি।

গত ১৩ দিন ধরে এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন খালেদা জিয়ার পাকস্থলির জটিলতার কারণে গতকাল এন্ডোস্কোপি করা হয়। শুরুতে কিছু রক্তক্ষরণ দেখা গেলেও পরে তা নিয়ন্ত্রণে আসে। দেশি-বিদেশি বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ড তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করে যাচ্ছে।